



বাংলাদেশ সেনাবাহিনী

স্মারক নং: টিএমসি/ বেসামরিক নিয়োগ/ টেকনিশিয়ান/ ২০২৬

তারিখঃ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

(চুক্তিভিত্তিক বেসামরিক টেকনিশিয়ান ডিপ্লোমা-ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ কম্পিউটার সাইন্স অ্যান্ড টেকনোলজি)

- ১। বাংলাদেশ সেনাবাহিনীর একটি এডহক ম্যানেজমেন্ট সেল এ নিম্নোক্ত চুক্তিভিত্তিক বেসামরিক টেকনিশিয়ান পদে নিয়োগের জন্য বাংলাদেশের যোগ্য নাগরিকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।
- ২। পদের সংখ্যা ও অন্যান্য

ক্রমিক	পদের নাম	শূন্য পদ সংখ্যা	বিষয়	বেতন (টাকা)
১।	ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান	০১	ইলেকট্রিক্যাল টেকনোলজি	যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে আলোচনা সাপেক্ষে
২।	ইলেকট্রনিক্স টেকনিশিয়ান	০১	ইলেকট্রনিক্স টেকনোলজি	
৩।	কম্পিউটার সাইন্স অ্যান্ড টেকনোলজি টেকনিশিয়ান	০১	কম্পিউটার সাইন্স অ্যান্ড টেকনোলজি	

৩। যোগ্যতার মানদণ্ড

ক। বাংলাদেশের স্বীকৃত/সরকার অনুমোদিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল টেকনোলজি/ ইলেকট্রনিক্স টেকনোলজি/ কম্পিউটার সাইন্স অ্যান্ড টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে সমমানের যোগ্যতা থাকতে হবে।

খ। ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান হিসেবে বৈদ্যুতিক সরঞ্জাম, পাওয়ার সাপ্লাই, আর্থিং, বৈদ্যুতিক সংযোগ/ইনস্টলেশন, পরীক্ষা, রক্ষণাবেক্ষণ ও ত্রুটি নির্ণয় কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও, সফটওয়্যার ডিফাইন্ড রেডিও/কমিউনিকেশন সিস্টেমের পাওয়ার সাপ্লাই ও সংশ্লিষ্ট বৈদ্যুতিক ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা/অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

গ। ইলেকট্রনিক্স টেকনিশিয়ান হিসেবে রেডিও/ইলেকট্রনিক যন্ত্রপাতি সংযোজন, ইনস্টলেশন, পরীক্ষা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও, ইলেকট্রনিক সার্কিট, প্রিন্টেড সার্কিট বোর্ডের ত্রুটি নির্ণয় ও মেরামত এবং সংশ্লিষ্ট টেস্ট ইকুইপমেন্ট ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

ঘ। ইলেকট্রনিক্স টেকনিশিয়ান হিসেবে রেডিও ফ্রিকোয়েন্সি, কমিউনিকেশন সিস্টেম ও রেডিও যন্ত্রপাতি সম্পর্কে ধারণা/অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ঙ। কম্পিউটার সাইন্স অ্যান্ড টেকনোলজি টেকনিশিয়ান হিসেবে নেটওয়ার্ক স্থাপন ও কনফিগারেশন, নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ এবং হার্ডওয়্যার/ সফটওয়্যারের ত্রুটি নির্ণয় ও সমাধানের কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা থাকতে হবে। পাশাপাশি, কম্পিউটার কমিউনিকেশন সিস্টেম, রেডিও নেটওয়ার্ক অথবা সংশ্লিষ্ট সফটওয়্যার সম্পর্কে ধারণা/ অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

চ। কারিগরি দল পরিচালনা/সমন্বয়ের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।

৪। নিয়োগের শর্তাবলী

ক। ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর অতিক্রম করা যাবে না। তবে, অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীর ক্ষেত্রে নির্বাচিত বয়সসীমা শিথিল করা যেতে পারে।

খ। প্রাথমিকভাবে ০৬ (ছয়) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। প্রার্থীদের প্রকল্পের ব্যবস্থাপনায় দেশে ও বিদেশে প্রাসঙ্গিক কারিগরি প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক থাকতে হবে এবং প্রশিক্ষণ শেষে চুক্তির অবশিষ্ট মেয়াদ পর্যন্ত প্রকল্পে চাকরি করতে হবে। কর্মদক্ষতার ভিত্তিতে পরবর্তীতে চুক্তি পুনঃনিয়োগ/ নবায়নযোগ্য।

গ। নির্বাচিত প্রার্থীকে বাৎসরিক মূল বেতনের সমপরিমাণ দুইটি উৎসব ভাতা এবং প্রযোজ্য নববর্ষ ভাতা প্রদান করা হবে।

ঘ। যোগ্যতার ভিত্তিতে মূল বেতন বার্ষিক ৫% হারে বৃদ্ধি পাবে।

৫। আবেদনের পদ্ধতি

ক। আগ্রহী ও যোগ্য প্রার্থী নিম্নে প্রদত্ত QR কোড স্ক্যান করে প্রাপ্ত CV ফরম পূরণ করত প্রিন্ট আউট কপি, একাডেমিক সনদপত্র/মার্কশিটের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, ০২ (দুই) কপি সদ্য তোলা রঙিন পাসপোর্ট সাইজের ছবিসহ নিচে উল্লিখিত ঠিকানায় আবেদন করতে হবে।

খ। অসম্পূর্ণ আবেদনপত্র অথবা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না। খামের উপরে আবেদনের বিষয়ে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে (যেমনঃ “ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান পদের জন্য আবেদন”)।

গ। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/ সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।

ঘ। সংশ্লিষ্ট পদের বিপরীতে আবেদনের জন্য প্রত্যেক প্রার্থীকে এডহক ম্যানেজমেন্ট সেল হিসাব নম্বরঃ ০০০২-০২১০৪৩৬০৩৪ ট্রাস্ট ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল শাখা, রাউটিং নম্বর ২৪০২৭৫৩৫৮ এর অনুকূলে ২০০ (দুই শত) টাকার (অফেরতযোগ্য) পে অর্ডার/ ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করে নিচে উল্লিখিত ঠিকানায় আবেদন করতে হবে।

৬। আবেদনের শেষ তারিখ। ৩১ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে সকল আবেদনপত্র নিম্নে স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।

আইএসপিআর/সেনা/৮১৩

স-১৬১৫ (১০×৩)



প্রজেক্ট ডিরেক্টর

সেনাসদর, জিএস শাখা (সিগন্যাল পরিদপ্তর),

ঢাকা সেনানিবাস, ঢাকা